

ডাকসু নির্বাচন থেকে সরে দাঁড়ালেন ২১ প্রার্থী

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচনে ২১

জন প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করে নিয়েছেন। আজ সোমবার (২৫

আগস্ট) দুপুরে সিনেট ভবনে এক প্রেস ব্রিফিংয়ে ডাকসু নির্বাচনের

চিফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এই

তথ্য জানান।

ড. মোহাম্মদ জসীম উদ্দিন বলেন, ‘মেজর কোনো আচরণবিধি

লঙ্ঘনের ঘটনা এখন পর্যন্ত ঘটেনি। এমনটি যেন ভবিষ্যতেও না

ঘটে, তা নিশ্চিত করতে চিফ রিটার্নিং অফিসার ও তার টিম কাজ

করছে।

কোনো ধরনের বৈষম্য বা অসমতা দেখা দিলে, লিখিতভাবে

জানালে আমরা বিধি মোতাবেক ব্যবস্থা নেব।’

তিনি বলেন, ‘আজ (সোমবার) থেকে নিয়ম মেনে আনুষ্ঠানিক
প্রচারণা শুরু করতে পারবেন প্রার্থীরা। আগামীকাল (মঙ্গলবার)
সকাল ১১টায় সিনেট হলে সকল ভিপি, জিএস ও এজিএস
প্রার্থীদের সঙ্গে বৈঠকে বসে আচরণবিধি নিয়ে আলোচনা করা
হবে।’

তিনি আরো বলেন, ‘ভোট প্রদানে জটিলতা এড়াতে হলে হল
কার্ড, বিশ্ববিদ্যালয়ের আইডি কার্ড, লাইব্রেরি কার্ড অথবা পে-ইন
স্লিপ দেখিয়ে ভোট দেওয়া যাবে।